



জগন্নাথ বিশ্ববিদ্যালয় ঢাকা

জবি/প্রশা-১৩(২)/২০০৮/৮৭১২

তারিখ: ১৮ নভেম্বর, ২০২০

নিয়োগ বিজ্ঞপ্তি

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের নিম্নবর্ণিত শূন্য পদ পূরণের লক্ষ্যে যোগ্যতা সম্পন্ন বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফরমে **Online-এ** (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.career.jnu.ac.bd) আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে :

ক্রম.	পদের নাম ও বেতন স্কেল (জা.বে.স্কে.-২০১৫)	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১.	পরিচালক (পরিকল্পনা, উন্নয়ন ও ওয়ার্কস) টাকা=৫৬,৫০০-৭৪,৪০০/-	০১ (এক) টি	ক) যে কোন পাবলিক বিশ্ববিদ্যালয় থেকে ন্যূনতম দ্বিতীয় শ্রেণী/সমমানের সিজিপিএসহ বি.এস.সি ইঞ্জিনিয়ারিং (সিভিল) ডিগ্রী থাকতে হবে। খ) শিক্ষা জীবনে ন্যূনতম একটি ১ম বিভাগ/শ্রেণী থাকতে হবে এবং কোন স্তরেই ৩য় বিভাগ/শ্রেণী/সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নয়। গ) সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট ক্ষেত্রে প্রথম শ্রেণীর কর্মকর্তা পদে কমপক্ষে ২০ (বিশ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। তন্মধ্যে অতিরিক্ত পরিচালক/অতিরিক্ত প্রধান প্রকৌশলী/সমমানের পদে ০৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। ঙ) বয়স কমপক্ষে ৫৫ বছর হতে হবে।

সাধারণ শর্তাবলী :

- শিক্ষাগত যোগ্যতার মূল সনদ ও নম্বরপত্র এবং অভিজ্ঞতার প্রমাণপত্র (প্রযোজ্য ক্ষেত্রে)-এর সত্যায়িত প্রতিলিপি, জাতীয় পরিচয়পত্র-এর সত্যায়িত প্রতিলিপি এবং সদ্য তোলা পাসপোর্ট আকারের ৩ (তিন) কপি সত্যায়িত রঙিন ছবি যুক্ত করে online -এ দাখিলকৃত আবেদন ফরম-এর প্রিন্ট কপিসহ ০৮(আট) সেট পূর্ণাঙ্গ আবেদনপত্র ০৩/১২/২০২০ তারিখের মধ্যে (সাপ্তাহিক ও সরকারি ছুটির দিন ব্যতীত অফিস চলাকালীন সময় সকাল ৯.০০ টা হতে বিকাল ৩.০০ টা পর্যন্ত) নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে (ডাকযোগে/কুরিয়ার সার্ভিস/সরাসরি) পৌঁছাতে হবে।
- নিয়োগের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের বিধি-বিধান প্রতিপালিত হবে। যাচাই বাছাই কমিটি কর্তৃক তালিকাভুক্ত প্রার্থীদেরকেই কেবল বাছাই বোর্ডে ডাকা হবে। বাছাই বোর্ডের সদস্যদের সাথে ব্যক্তিগত যোগাযোগ প্রার্থীর অযোগ্যতা বলে গণ্য হবে।
- চাকুরীরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদনপত্র প্রেরণ করতে হবে।
- অসম্পূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।


(প্রকৌশলী মোঃ ওহিদুজ্জামান)
রেজিস্ট্রার

